70

দৈনিক ইত্তেফাক

তারিখ 24 FEB 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ২৫০ জন ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

রামগড় সংবাদদাতা ॥ পার্বত্য অঞ্চলের রামগড় থানা সদরের একমাত্র চৌধুরীপাড়া জুনিয়ার উচ্চ বিদ্যালয়টি গত তিন বছরেও সরকারী অনুমোদন না পাওয়ায় বিদ্যালয়ের প্রায় আড়াইশত ছাত্র-ছাত্রীদের ৮ম শ্রেণী পাশের পর অন্য বিদ্যালয়ে ৯ম শ্রেণীতে ভর্তি হওয়ার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। এই জুনিয়ার হাই-স্কুলটি থানা সদরে অবস্থিত এবং এলাকার একমাত্র বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান যাহার উপর ছাত্র-ছাত্রীদের নির্ভর করিতে হয়।

উল্লেখ্য যে; গত ২৬শে মে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো হইতে একটি তদন্ত কমিটি এই বিদ্যালয় পরিদর্শন এবং ছাত্র-ছাত্রীর সংখ্যা ও শিক্ষকদের পাঠদানের উপর সন্তোষ প্রকাশ করিয়া মন্তব্য লিপিবদ্ধ করিয়াছেন।

(৪র্থ পৃঃ দ্রঃ)

**২৫০ জন**

(৩য় পৃঃ পর)

চৌধুরী পাড়া জুনিয়র উচ্চ বিদ্যালয়টি বর্তমানে ৬ষ্ঠ শ্রেণী হইতে ৮ম শ্রেণী পর্যন্ত চালু রহিয়াছে। কিন্তু প্রয়োজনীয় চেয়ার-টেবিল, ছাত্র-ছাত্রীদের বসার বেঞ্চ ইত্যাদি নাই। এলাকার জনগণের চাঁদার উপর সম্পূর্ণ নির্ভর করিয়া বিদ্যালয়টি চলিতেছে। রামগড় থানায় একটি মাত্র উচ্চ বিদ্যালয় রামগড় সরকারী উচ্চ বিদ্যালয় রহিয়াছে সরকারী নিয়মানুসারে সরকারী অনুমোদন ছাড়া বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সরকারী উচ্চ বিদ্যালয়ে স্থান নাই। তাই চৌধুরী পাড়া জুনিয়র উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণী পাশ ছাত্রদের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে।